



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৫৯০

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২


বিষয়: জেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটার তালিকার সিডি বিক্রয় সংক্রান্ত।

সূত্র: নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং ১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৫৮১, তারিখ: ৩১ আগস্ট ২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৬১টি জেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে বিভিন্ন কার্যক্রম গ্রহণের নির্দেশনা সম্বলিত পরিপত্র-১ জারি করা হয়েছে। উক্ত পত্রের ৪২নং ক্রমিকে ভোটার তালিকার সিডি বিক্রয়ের নির্দেশনা প্রদান করা হয়েছে। জেলা পরিষদ নির্বাচনের জন্য প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট বা পোলিং এজেন্ট কর্তৃক জাতীয় সংসদ নির্বাচনের জন্য প্রস্তুতকৃত ছবিছাড়া ভোটার তালিকার সিডি ক্রয়ের বিষয়টি বাধ্যতামূলক নয় মর্মে সংশ্লিষ্টদের জানিয়ে দিতে হবে। তবে কেউ প্রয়োজন মনে করলে পরিপত্রে উল্লিখিত নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে সংশ্লিষ্ট এলাকার ভোটার তালিকার সিডি সংগ্রহ করতে পারবেন। তাছাড়া নির্বাচক মন্ডলির তালিকার সিডি প্রদান সম্ভব না হলে সংশ্লিষ্ট প্রার্থীগণকে তার অংশের ফটোকপি প্রদান করতে হবে।

২। বর্ণিতাবস্থায়, ভোটার তালিকার সিডি বিক্রয়ের ক্ষেত্রে উল্লিখিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

সিনিয়র/জেলা নির্বাচন অফিসার.....(সংশ্লিষ্ট)



(মোঃ আতিয়ার রহমান)
উপসচিব
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
E-mail: ecsemc2@gmail.com

নং-১৭.০০.০০০০.০৭৯.৩৯.০০১.২২-৫৯০

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯
০৪ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:-

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা.....(সকল)
৩. উপসচিব (নির্বাচনি সহায়তা ও সরবরাহ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা.....(সংশ্লিষ্ট)।


(মোহাম্মদ আশরাফুর রহমান)
সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা